তারিখ . 22 . JUL . 2016 . . .
পৃষ্ঠা . . . 6 . . . কলাম . 2 . . .

দৈনিক
ইত্তেফাক

# সমস্যা জর্জরিত একটি সরকারি বিদ্যালয়

ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন ডাকাতিয়া ইউনিয়নের হিজুলীপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় নানা সমস্যায় জর্জরিত। আজ দশ বছর ধরে বিদ্যালয়টিতে কোনো প্রধান শিক্ষক নাই। যেখানে পাঁচজন শিক্ষক থাকার কথা সেখানে মাত্র দুইজন শিক্ষক দিয়ে বিদ্যালয়ের কার্যক্রম চলছে। আট বছর ধরে এখানে কোনো ম্যানেজিং কমিটি ও অ্যাডহক কমিটি নাই। খেলার মাঠের অধিকাংশ পাশের এক পুকুরে ধসে পড়ছে। বিদ্যালয় ভবনের চালের ওপর একটি বাঁশঝাড় চেপে বসেছে। এরফলে মশার কামড়ে ছাত্রছাত্রীদের অসুখ লেগেই থাকে। শরীর চর্চার ক্লাস হয় না বহুদিন। এটা দেখার অভিভাবকগণ তাঁদের ছেলেমেয়েদেরকে অন্যত্র সরিয়ে নিচ্ছেন। এ অবস্থায় বিদ্যালয়টির সমস্যা দূর করে কার্যক্রম অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

মো. নূরুল ইসলাম (নূরু),
ডাকাতিয়া, ভালুকা,
ময়মনসিংহ।